



নং-২৬.০০.০০০০.১০৬.৮৬.০৮৬.১৪.-৪৬

তারিখঃ ১২মাঘ ১৪২৩  
২৫জানুয়ারি ২০১৭

বিষয়ঃ Indo-bangla trade fair 2017 (IBTF2017) শীর্ষক প্রদর্শনী আয়োজনের অনুমতি।

সূত্র: India-Bangladesh Chamber of Commerce and Industry (IBCCI) এর স্মারক নং-IBCCI/MOC-GoB/IBTF/2017 তারিখঃ ৩০ নভেম্বর ২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে India-Bangladesh Chamber of Commerce and Industry (IBCCI) এর যৌথ উদ্যোগে আগামী ১৬-১৮ ফেব্রুয়ারি ২০১৭ সময়ে Pan Pacific Sonargaon Hotel ঢাকায় “Indo-bangla Trade Fair 2017 (IBTF2017)” শীর্ষক প্রদর্শনী আয়োজনের বিষয়ে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলোঃ

শর্তাবলি:

- (ক) মেলায় আমদানি নিষিদ্ধ বা অবৈধ পণ্য প্রদর্শন ও বিক্রয় করা যাবে না এবং মেলায় প্রদর্শিত পণ্য/সামগ্রী মেলা আয়োজনের উদ্দেশ্যের সঙ্গে সংগতিপূর্ণ হতে হবে;
- (খ) মেলায় অশালীন/অসামাজিক/অবৈধ কার্যক্রম পরিচালিত হতে পারবে না;
- (গ) জনগণের ধর্মীয় অনুভূতিতে আঘাত করে এমন কোন কার্যক্রম বা বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য কৃষ্টি ও সামাজিক রীতি-নীতি পরিপন্থী কোন কিছু প্রদর্শন করা যাবে না;
- (ঘ) মেলা আয়োজনের নিমিত্ত মাঠ/স্থান ব্যবহারের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ হতে পৃথকভাবে অনুমতি গ্রহণ করতে হবে;
- (ঙ) মেলায় আমদানি নিষিদ্ধ নয় এমন কোন বিদেশী পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জাম প্রদর্শন/বিক্রয়ের প্রয়োজন হলে উক্ত বিদেশি পণ্য/যন্ত্রপাতি/সরঞ্জাম বিদ্যমান “আমদানি নীতি আদেশ” অনুসরণ করে আমদানি করতে হবে;
- (চ) স্থানীয় প্রশাসন এবং আইন শৃঙ্খলা বাহিনীকে অবগত রেখে মেলা পরিচালনা করতে হবে এবং মেলার আয়োজক কর্তৃক নিজ উদ্যোগে মেলার আইন শৃঙ্খলা রক্ষা করতে হবে;
- (ছ) মেলা অনুষ্ঠানের অনুমতি প্রদানের পর অথবা মেলা চলাকালীন সময়ে প্রয়োজনে মেলা অনুমোদনকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতীত মেলার সময়সূচি পরিবর্তন বা মেলার সকল কার্যক্রম বন্ধ রাখার এখতিয়ার সংরক্ষণ করবে; এবং
- (জ) বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতি ব্যতীত মেলার সময়সীমা বর্ধিত করা যাবে না।

২। বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত প্রদর্শনী আয়োজনে আইনানুগ সহযোগিতা প্রদান করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২৫/১/১৭  
(রুখসানা হাসিন) ২৫/১/২০১৭  
যুগ্মসচিব

ফোনঃ ৯৫৪৯৬২৬

[sas.export7@mincom.gov.bd](mailto:sas.export7@mincom.gov.bd)

জনাব জাহাজীর বিন আলম  
সেক্রেটারী এবং সিইও  
ভারত-বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি,  
রুপায়ন সেন্টার (১৬ তলা)  
৭২, মহাখালী, বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২

*SAS (A-7)*  
*Please take n/a.*

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা ঢাকা।
- ২। প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর, ১১১-১১৩, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, মিন্টু রোড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। যুগ্মসচিব, (প্রশাসন-২ শাখা) বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।

২৬/১/১৭  
প্রাণেশ রঞ্জন সূত্রধর  
অতিরিক্ত সচিব  
বাণিজ্য মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার